



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/সংস্থাপন-৯৬/৭০২

তারিখ: ৩০/১০/২০১৭খ্রি:

**বিষয়ঃ আসন্ন জেডিসি পরীক্ষা-২০১৭ সম্পূর্ণ সুষ্ঠু, সুন্দর, নকলমুক্ত ও ইতিবাচক পরিবেশে সফল করার লক্ষ্যে  
প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে আপনি নিচয়ই অবগত আছেন যে, আগামী ০১/১১/২০১৭ খ্রি: তারিখ থেকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে জেডিসি পরীক্ষা-২০১৭ আরম্ভ হচ্ছে। বোর্ড কর্তৃপক্ষ আসন্ন জেডিসি পরীক্ষা-২০১৭ সম্পূর্ণ সুষ্ঠু, সুন্দর, নকলমুক্ত ও ইতিবাচক পরিবেশে সফল করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করেছে।

জেডিসি পরীক্ষা-২০১৭ কেন্দ্রসমূহে সম্পূর্ণ সুষ্ঠু-সুন্দর, নকলমুক্ত ও ইতিবাচক পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে সার্বক্ষণিক পরিদর্শন করা প্রয়োজন। এক্ষেত্রে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধিক্ষেত্রে সমগ্র বাংলাদেশ হওয়ায় আপনার বোর্ডের আওতাধীন পরীক্ষা কেন্দ্রসমূহ পরিদর্শনের জন্য গঠিত ভিজিলেন্স টাম এর সদস্যদের দ্বারা জেডিসি পরীক্ষা-২০১৭ কেন্দ্রসমূহ পরিদর্শনের মাধ্যমে অত্র বোর্ডকে সহযোগিতা করার জন্য অনুরোধ করছি।

বর্ণিত অবস্থায় এ বিষয়ে আপনার প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রফেসর এ, কে, এম, ছায়েফ উল্যা  
চেয়ারম্যান

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

৩০/১০/১৭ ফোনঃ ৫৮৬১০২১৬

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/যশোর/কুমিল্লা/বরিশাল/সিলেট ও দিনাজপুর।

নং- বামাশিবো/সংস্থাপন-৯৬/৭০২(৪)

তারিখ: ৩০/১০/২০১৭খ্রি:

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ**

১. মাননীয় শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব (যুগ্ম সচিব), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক (সকল)।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অফিস কপি।

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

৩০/১০/১৭ ফোনঃ ৯৬১২৮৫৮